

পশ্চিমবঙ্গ সরকার

তথ্য ও সংস্কৃতি বিভাগ

নবান্ন

৩২৫, শরৎ চ্যাটার্জি রোড

হাওড়া- ৭১১১০২

স্মারক সংখ্যা: ১৩১/আইসিএ/এনবি

তারিখ: ২০/০৪/২০১৯

মুখ্যমন্ত্রীর শোকবার্তা

বিশিষ্ট লোকসংগীতশিল্পী অমর পালের মৃত্যুতে আমি গভীর শোক প্রকাশ করছি। তিনি আজ ৯৬ বছর বয়সে কলকাতায় প্রয়াত হয়েছেন। তাঁর মৃত্যুতে বাংলা লোকসংগীতের জগতে এক অপূরণীয় ক্ষতি হল। তাঁর গাওয়া 'প্রভাত সময়ে শচীর আঙিনা মাঝে', 'রাই জাগো রাই জাগো', 'কতই রঙ্গ দেখি দুনিয়ায়'-র মতো বহু লোকগান ও অন্যান্য গান আজও শ্রোতাদের স্মৃতিতে অমলিন। পশ্চিমবঙ্গ সরকার তাঁকে ২০১২ সালে 'সংগীত মহাসম্মান'-এ ভূষিত করে।

আমি শ্রী পালের আত্মীয়পরিজন সহ তাঁর অনুরাগীদের আন্তরিক সমবেদনা জানাচ্ছি।

মমতা বন্দ্যোপাধ্যায়